

প্রসবকালীন মারাত্মক মৃত্যু কী?

প্রতি বছর নিউ ইয়র্ক সিটিতে (NYC) আনুমানিক 3,000 মহিলা প্রসবকালীন মারাত্মক জটিলতার কারণে মারা যায় বা মারা যাওয়ার অবস্থায় থাকে। এইসব জটিলতা প্রসবকালীন মারাত্মক মৃত্যু (severe maternal morbidity, SMM) নামে পরিচিত এবং প্রচণ্ড রক্তপাত, রক্ত তঞ্চন, গুরুতর সংক্রমণ এবং কিডনি ফেইলিওরও এর মধ্যে রয়েছে। কৃষ্ণাঙ্গ মহিলাদের মধ্যে SMM এ আক্রান্ত হবার সম্ভাবনা শ্বেতাঙ্গ মহিলাদের থেকে তিনগুণ বেশি থাকে। সিটি SMM এর বর্ণগত ব্যবধান মেটাতে এবং প্রসবকালীন জটিলতা এবং মৃত্যুর সংখ্যা সামগ্রিকভাবে কমাতে বদ্ধপরিকর।

“শিশুর জন্ম হওয়া সকল পরিবারের কাছে আনন্দের মুহূর্ত, কিন্তু শিশুর জন্মের সময় জটিলতার কারণে [আমাদের] এত কৃষ্ণাঙ্গ মহিলাদের মৃত্যু হওয়া একবারেই মেনে নেওয়া যায় না।”

ডাঃ হারমিনিয়া পালাসিও (DR. HERMINIA PALACIO)
স্বাস্থ্য ও মানব পরিষেবার ডেপুটি মেয়র
(DEPUTY MAYOR FOR HEALTH AND HUMAN SERVICES)

প্রসবকালীন মৃত্যুর মারাত্মক হার কমাতে নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য বিভাগ কী করছে

মাতৃ হাসপাতালের মান উন্নয়ন নেটওয়ার্ক (Maternity Hospital Quality Improvement Network)

ক্লিনিসিয়ান প্রশিক্ষণ এবং পরিচর্যার মান উন্নত করতে SMM-এ আক্রান্ত মহিলাদের অভিজ্ঞতার তথ্য সংগ্রহ করার জন্য স্বাস্থ্য বিভাগ শহরের সর্বত্র হাসপাতালের সঙ্গে কাজ করছে। এই উদ্যোগকে বলা হয় মাতৃ হাসপাতালের মান উন্নয়ন নেটওয়ার্ক, এছাড়াও এখানে নিউ ইয়র্ক (NYC) সিটির সমস্ত মহিলাদের, বিশেষ করে কৃষ্ণাঙ্গ মহিলাদের মর্যাদাসম্পন্ন পরিচর্যা প্রদান করতে প্রদানকারীদের প্রশিক্ষণ দেয়। মর্যাদাসম্পন্ন পরিচর্যা মানে হলো এই যে প্রদানকারীরা শিশুর জন্মের আগে, জন্মের সময় এবং পরে রোগীদের অধিকার ও কী কী করতে হবে ও হবে না সে সম্পর্কে রোগীদের তথ্য প্রদান করে। মর্যাদাসম্পন্ন পরিচর্যা সম্পর্কে আরও জানতে nyc.gov/health দেখুন এবং **যৌন ও প্রজনন ন্যায় (sexual and reproductive justice, SRJ)** খুঁজুন।

প্রসবকালীন পরিচর্যা সংযোগ (Maternal Care Connection)

স্বাস্থ্য বিভাগ Central Brooklyn-এ শিশু প্রসব ও প্রাথমিক পরিচর্যা উন্নত করতে প্রসবকালীন পরিচর্যা সংযোগ প্রকল্প শুরু করেছে। এই প্রকল্পেরও লক্ষ্য হলো সম্প্রদায়কে মর্যাদাসম্পন্ন পরিচর্যা সম্পর্কে শিক্ষা প্রদান।

SMM কমাতে সাহায্য করতে আপনি কী করতে পারেন

- মাতৃ হাসপাতালের মান উন্নয়ন নেটওয়ার্কে অংশ নিতে আপনার স্থানীয় হাসপাতালকে উৎসাহিত করুন।
- শিশুর জন্ম সংক্রান্ত ন্যায় রক্ষাকর্তা (Birth Justice Defenders) — স্থানীয় বাসিন্দা যারা মর্যাদাসম্পন্ন পরিচর্যার স্বপক্ষে তাদের সম্পর্কে জানুন। আরও তথ্যের জন্য BirthJustice@health.nyc.gov এ ইমেল করুন।
- প্রসবকালীন ও পরিবার সুস্থতা সহায়তার জন্য আপনার স্থানীয় বিধানমণ্ডলীর সদস্যদেরকে উৎসাহিত করুন।
- আপনি গর্ভবতী হলে, আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীকে গর্ভাবস্থা ও শিশুর জন্মের সময়ের সাধারণ সমস্যা সম্পর্কে জিজ্ঞাসা করুন। nyc.gov/health এ গিয়ে SRJ খুঁজুন এবং “শিশু জন্ম সংক্রান্ত মর্যাদাসম্পন্ন পরিচর্যার জন্য NYC মানক (NYC Standards for Respectful Care at Birth)” ডাউনলোড করুন। এই প্রচারপত্রে এমন কিছু তথ্য আছে যা আপনাকে শিশুর জন্মের আগে, জন্মের সময় এবং পরে আপনার যে পরিচর্যা পাওয়া উচিত সে সম্পর্কে আপনার স্বাস্থ্য সেবা প্রদানকারীর সঙ্গে কথা বলতে সহায়তা করবে।
- গর্ভাবস্থার সময় বিনামূল্যের বা স্বল্প মূল্যের স্বাস্থ্য বিমাতে নাম নথিভুক্ত করুন: 311 নম্বরে ফোন করুন অথবা nyc.gov/health এ গিয়ে **স্বাস্থ্য বিমা (health insurance)** খুঁজুন।

সুস্থ গর্ভাবস্থার সহায়তায় পরিষেবা এবং সম্পদ

অভিবাসন স্থিতি নির্বিশেষে যোগ্যদের কাছে এইসব পরিষেবা ও সংস্থান বিনামূল্যের:

- নার্স-ফ্যামিলি পার্টনারশিপ (Nurse-Family Partnership)
- নিউবর্ন হোম ভিজিটিং প্রকল্প (Newborn Home Visiting Program)
- হেলদি স্টার্ট ব্রুকলিন (Healthy Start Brooklyn)
- স্বাস্থ্য বিভাগের নেবারহুড হেলথ অ্যাকশন সেন্টারগুলোতে পারিবারিক সুস্থতা সম্পর্কে ক্লাস।

আরও তথ্যের জন্য 311 নম্বরে ফোন করুন অথবা nyc.gov/health এ গিয়ে **গর্ভাবস্থা সম্পর্কিত সংস্থান (pregnancy resources)** খুঁজুন।